জীবননগরে জাতীয় শোক দিবস উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিদের মধ্যে পুরস্কার বিতরণ

জাতীয় শোক দিবস উপলক্ষে জীবননগরে বঙ্গবন্ধু-বঙ্গমাতার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, নিরাবতা পালন,শিক্ষার্থীদের অংশগ্রহনে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহনকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়েছে ।

শনিবার সকালে উপজেলা প্রশাসকের কার্য্যলয় চত্বরে এ কর্মসূচি পালন করা হয়।

শনিবার সকাল ৭টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছার প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়। পরে এক মিনিট নিরাবতা পালন করা হয়। শেষে উপজেলা পরিষদের হলরুমে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহনের মাধ্যমে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহনকারী বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরন করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে ১৫ আগস্টের কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম,ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,জীবননগর পৌর সভার মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিফ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেনখাঁন,জীবননগর পৌর আওয়ামীলীগের সভাপতি নাসির উদ্দিন প্রমুখ।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হাই -ফ্লো অক্সিজেন প্লান্টের উদ্বোধন

মানব সেবাই দৃষ্টান্ত স্থাপন করলেন বি এন্ড টির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোখলেচুর রহমান টিপু তরফদারের নিজস্ব অর্থায়নে জীবননগর উপজেলায় করোনয়া আক্রান্ত রোগীদের জন্য হাই -ফ্লো অক্সিজেন প্লান্টের উদ্বোধন করা হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১০টার সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর ।

জানা গেছে, করোনায় আক্রান্ত রোগীদের জন্য রয়েছে ৮টি বেডসহ ভিআইপি ক্যাবিন । যার নিচ তলায় রয়েছে ৪টি বড় সিলিন্ডার এবং অক্সিজেন সরবরাহ লাইনের মাধ্যমে ৩য় তলায় বেড ও ভিআইপি ক্যাবিনে ফ্লো-মিটারের মাধ্যমে রোগীর প্রয়োজনে সহজেই অক্সিজেন ব্যবহারের ব্যবস্থা।

চাহিদার চেয়ে অতিরিক্ত ৪টি সিলিন্ডার সাধারন রোগীদের জন্য সব সময় মজুদ করে রাখা হয়েছে । হাই ফ্লো অক্সিজেন প্লান্টের মাধ্যমে এলাকার স্থানীয় করোনায় আক্রান্ত রোগীরা সেবা নিতে পারবেন ।

এ ব্যাপারে বিএন্ড টি গ্রুপের চেয়ারম্যান ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির অন্যতম নেতা ইঞ্জিনিয়ার মোখলেচুর রহমান টিপু তরফদার বলেন, বাংলাদেশে করোনা সনাক্তকরণের পরপরই আমার নিজস্ব অর্থায়নে গত ২৮ শে এপ্রিল ২০২০ থেকে ১৫ই মে পর্যন্ত আমার চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় নেতাকর্মিদের মাধ্যমে ১৩হাজার কর্মহীন পরিবারের মাঝে ১০ কেজি চাউল ও ৫ কেজি করে আলু মানবিক সহায়তা প্রদান করেছি ।

শুধু তাই নয় গত ১৫-৫-২০ইং থেকে ৯-৮-২০ইং তারিখ পর্যন্ত দামুড়হুদা ও জীবননগর উপজেলায় ৯৩জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে এবং ৭৪টি

পরিবারে লকডাউনে পড়েছিলেন আমার নেতাকর্মিদের মাধ্যমে তাদের প্রতি পরিবারের মাঝে ৩০ কেজি চাউল ১৫ কেজি আলু নগদ ২হাজার থেকে ৬হাজার পর্যন্ত টাকা প্রদান করেছি ।

জীবননগর উপজেলার সাধারন মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য আমি জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হাই-ফ্লো অক্সিজেন প্লান্ট স্থাপন করলাম।যাতে করে জীবননগর উপজেলায় যে সমস্থ ব্যাক্তি করোনায়া আক্রান্ত হয়ে এখানে নিরাপদে চিকিৎসা নিতে পারে ।

এ সময় আরো উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাপিজুর রহমান,উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন ,জীবননগর পৌর সভার মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ,ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,

জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিপ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন,ডাঃ জুলিয়েট পারউইন,ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু প্রমুখ।

জীবননগরে স্থাপিত হতে চলেছে ‘হাই-ফ্লো অক্সিজেন প্লান্ট’

করোনায় আক্রান্তদের জন্য মানবতার অন্যতম দৃষ্টান্ত স্থাপন করতে যাচ্ছেন এলাকার কৃতি সন্তান মোখলেছুর রহমান টিপু তরফদার। নিচ তলায় থাকবে ৪টি বড় সিলিন্ডার এবং অক্সিজেন সরবারহ লাইনের মাধ্যমে ৩য় তলায় বেড ও কেবিনে ফ্লো-মিটারের মাধ্যমে রোগীর প্রয়োজনে সহজেই অক্সিজেন ব্যবহার করতে পারবে। ব্যাক-আপের জন্য অতিরিক্ত ৪টি সিলিন্ডার সর্বদা মজুদ থাকবে।

প্রায় ১০ লক্ষ টাকা ব্যয়ে তিনি এই অক্সিজেন প্লান্ট স্থাপন করছেন। ইতোপূর্বে তিনি দামুড়হুদা উপজেলা হাসপাতালে একই রকমের

হাই- ফ্লো অক্সিজেন প্লান্ট স্থাপন করেছেন। যার মাধ্যমে এলাকার স্থানীয় করোনা আক্রান্ত রোগীরা সেবা নিচ্ছেন।

বাংলাদেশে করোনা সনাক্তকরণের পরপরই বিএন্ডটি গ্রুপের চেয়ারম্যান ও চুয়াডাঙ্গা জেলা বিএনপি নেতা ইঞ্জিনিয়ার মোখলেছুর রহমান (টিপু তরফদার) কেন্দ্রের নির্দেশে গত ২৮শে এপ্রিল ২০২০ থেকে ১৫ই মে ২০২০ পর্যন্ত চুয়াডাঙ্গা নির্বাচনী এলাকায় নেতা-কর্মীদের মাধ্যমে ১৩ হাজার কর্মহীন পরিবারের মাঝে ১০ কেজি চাউল ও ৫ কেজি করে আলু মানবিক সহায়তায় প্রদান করেন।

পরবর্তীতে তিনি তার নির্বাচনী এলাকায় যে সকল মানুষ করোনা ভাইরাস চিহ্নিত হয়েছেন এবং নানা কারণে লক ডাউনে পড়েছেন তাদের প্রতি পরিবারের জন্য লোকসংখ্যা অনুযায়ী মানবিক সহায়তা প্রদান করেছেন।

জীবননগর উপজেলা হাসপাতালে হাই- ফ্লো অক্সিজেন প্লান্ট স্থাপনে কাজ করেছেন ঢাকাস্থ রবিন এন্টারপ্রাইজ। ইতোমধ্যে ঐ কোম্পানিকে মোট ব্যয়ের ৭৫% টাকা অগ্রিম পেমেন্ট করা হয়েছে। আগামী ১১-১২ আগস্ট ২০২০ তারিখের মধ্যে প্লান্টটি কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হবে বলে জানান, জীবননগর পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও জীবননগর থানার প্রধান ত্রাণ সমন্বয়কারী জনাব মাহাতাব উদ্দীন (চুন্নু)।

তিনি আরো জানান, হাই- ফ্লো অক্সিজেন প্লান্ট সম্পর্কিত কোন তথ্য জানার জন্য, যোগাযোগ করার জন্য অনুরোধ রইলো। দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মোঃ জহুরুল ইসলাম, মোবাইল: ০১৭১৪-৪৪২৯৩০, জীববনগর পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক মোঃ মাহাতাব উদ্দীন (চুন্নু), মোবা: ০১৭১৩-৯২২৮৩২।

চুয়াডাঙ্গার জীবননগরে যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগরে মাসুদ রানা (২০) নামের এক যুবকের ঝুলন্ত লাশ উদ্ধার করেছে।

শুক্রবার সকালে উপজেলার বাঁকা ইউনিয়নের বাঁকা মাঠপাড়া গ্রামে ওই যুবকের ঝুলন্ত লাশ তার ঘর থেকে উদ্ধার করা হয়েছে। নিহত যুবক মাসুদ রানা উপজেলার বাঁকা মাঠপাড়া গ্রামের চেয়ারম্যান পাড়ার সৈয়দ হোসেনের ছেলে।

পরিবার সূত্রে জানা গেছে, মানসিক বিকারগ্রস্থের কারণে রাতে নিজ ঘরে সিলিং ফ্যানের সাথে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

নিহত মাসুদ রানার চাচাতো ভাই মহিদুল ইসলাম জানান, বৃহস্পতিবার রাতে প্রতিদিনের মত পরিবারের লোকজনের সাথে খাওয়া-দাওয়া শেষে নিজ ঘরে শুয়ে পড়ে। কিন্তু শুক্রবার সকাল ৯টার দিকে মাসুদের ঘুম থেকে উঠতে দেরি দেখে পরিবারের লোকজন তাকে ডাকাডাকি করতে থাকে। ঘর তার কোন সাড়া না পাওয়ায় দরজার ফাঁক দিয়ে ভিতরে তাকিয়ে দেখে ঘরের সিলিং ফ্যানের সাথে তার মরদেহ ঝুলছে।

এ অবস্থায় ঘরের দরজা ভেঙে স্থানীয়দের সহয়তায় তার মরদেহ উদ্ধার করা হয়। আত্মহত্যার কারণ জানতে চাইলে সে বলে আমরাও ঠিক কোন কারণ বুঝতে পারছি না। তবে মাসুদ ছোটবেলা থেকেই একটু মানসিক রোগী ছিল। কারণে অকারণেই হুটহাট রেগে যেত, খিটখিটে মেজাজের ছিলো।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম বলেন, গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার ব্যাপারে থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

চুয়াডাঙ্গায় সর্বোচ্চ ১০১ জনের করোনা শনাক্ত

চুয়াডাঙ্গায় একদিনে সর্বোচ্চ ১০১ জনের করোনা শনাক্ত হয়েছে। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা হলো ৭৮৯ জন। বৃহস্পতিবার সকালে প্রথম দফায় ৭১ টি এবং রাতে আরো ৩০টি পজিটিভ রিপোর্ট এসেছে বলে জানান চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান বিষয়টি নিশ্চিত করেন।

সিভিল সার্জন জানান, গত ২৪ ঘন্টায় কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালের পিসিআর ল্যাব থেকে ১৫৬ জনের নমুনা প্রতিবেদন পাওয়া গেছে। এর মধ্যে ৭১ জনের করোনা পজেটিভ। তিনি জানান, গত এক মাসে জেলায় আশঙ্কাজনক হারে করোনা আক্রান্তদের সংখ্যা বাড়ছে। ইতোমধ্যেই আক্রান্ত হয়েছে ৭৫৯ জন। এর মধ্যে সুস্থ হয়েছেন ৩৭৩ জন ও মারা গেছেন ১৩ জন।

তিনি আরও জানান, নতুন আক্রান্তদের মধ্যে চুয়াডাঙ্গা সদর উপজেলার ৩৭ জন, জীবননগর উপজেলার ১৩ জন, আলমডাঙ্গা উপজেলার ১৯ জন ও দামুড়হুদা উপজেলার ২ জন রয়েছেন। বর্তমানে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে ৩৮ জন ও হোম আইসোলেশনে ৩৩৩ জন চিকিৎসা নিচ্ছেন।

এদিকে রাতে নতুন করে আরও ৩০ জনের করোনা পজিটিভ রিপোর্ট এসেছে। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা হলো ৭৮৯। আক্রান্তদের মধ্যে সদর উপজেলার কুতুবপুর গ্রামে একজন, সাদেকআলী মল্লিকপাড়ায় একজন, শান্তিপাড়ায় দুইজন, শংকরচন্দ্র গ্রামে একজন, ঝিনাইদহ বাসস্ট্যান্ড পাড়ায় একজন, দৌলতদিয়া গ্রামে দুইজন, ফার্মপাড়ায় একজন, বড়বাজার পাড়ায় একজন, আরামপাড়ায় দুইজন, সাতগাড়ির তিনজন, গাইদঘাট গ্রামের তিনজন, মহিলাকলেজ পাড়ায় একজন ও রাজাপুর গ্রামে একজন।

এছাড়া আলমডাঙ্গা উপজেলায় পুরাতন পাচলিয়া গ্রামের একজন, হাটবোয়ালিয়া গ্রামের একজন, কোর্টপাড়ায় একজন ও আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন, জীবননগর উপজেলায় আশতলাপাড়ায় একজন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন ও গকুলনগরে একজন এবং দামুড়হুদা উপজেলায় কানাইডাঙ্গা গ্রামে দুইজন, ও দামুড়হুদা স্বাস্থ্য কমপ্লেক্সে একজন।

জীবননগর উপজেলার মনোহরপুর বিট

পুলিশিং কার্যক্রমের উদ্বোধন

“মুজিববর্ষের অঙ্গীকার পুলিশ হবে জনতার” এ শ্লোগানকে সামনে রখে জীবননগর উপজেলার মনোহরপুর বিট পুলিশ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (৬আগষ্ট) সকাল সাড়ে ১০টার সময় জীবননগর থানা পুলিশের আয়োজনে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের সভাপতিত্বে মনোহরপুর ইউনিয়ন পরিষদের হলরুমে মনোহরপুর ইউনিয়ন এলাকায় বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা-জীবননগর সার্কেল) আবু রাসেল।

উদ্বোধন শেষে সারাদেশে করোনায় পুলিশ সদস্যসহ যারা মারা গেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) ফেরদৌস ওয়াহেদ, জীবননগর প্রেসক্লাবের যুগ্ন সাধারণ সম্পাদক আকিমুল ইসলাম,

উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আশরাফ আলী, মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুল, সাধারণ সম্পাদক আহসান হাবীব, মনোহরপুর ইউনিয়ন আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক ফজলুল হক, জীবননগর থানার কর্মকর্তা কর্মচারীসহ সুশীল সমাজের প্রতিনিধিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

উপজেলায় ১টি পৌরসভা ও ৮টি ইউনিয়নে মোট ১১টি বিট পুলিশিং কার্যালয় থাকবে। প্রধান অতিথির বক্তব্যে সিনিয়র সহকারী পুলিশ সুপার আবু রাসেল বলেন, পুলিশের একার পক্ষে সব অপরাধ দমন করা সম্ভব নয়, দরকার জনগনের আন্তরিকতা ও সহযোগিতা। যে কোন অপরাধের তথ্যাদি নির্ভয়ে আমাকে জানান, আপনাদের জন্য আমার ফোন দিন রাত ২৪ ঘন্টা খোলা।

হাসাদাহে জাতীয় সাংবাদিক সংস্থার অভিষেক ও শপথ অনুষ্ঠান

জীবননগর উপজেলার হাসাদাহে নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার হাসাদাহ শাখা কমিটির এক অভিষেক অনুষ্ঠান ও শপথ গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

১১ জন সদস্য বিশিষ্ট নবগঠিত এই কমিটিতে কবির আহম্মদ সভাপতি এবং বদরুজ্জামান শ্যামলকে সাধারণ সম্পাদক পদে নির্বাচিত করা হয়।

গতকাল বিকাল ৫ ঘটিকার সময় জাতীয় সাংবাদিক সংস্থার অফিস রুমে এই শপথ গ্রহন অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পরিষদের ১৪নং ওয়ার্ড সদস্য শফিকুল আলম নান্নু প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই শপথ বাক্য পাঠ করান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন মোহাম্মদ আলী মাস্টার, ঔষুধ ব্যবসায়ী মিজানুর রহমান, মাহববুর রশিদ বিশ্বাস, হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি ডি.এম মতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন সহ নবগঠিত জাতীয় সাংবাদিক সংস্থার সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে শিশুদের মাঝে ঈদের নতুন পোশাক বিতরণ

জীবননগরে অসহায় দরিদ্র শিশুদের মাঝে ঈদের নতুন পোশাক বিতরণ করা হয়েছে।

বুধবার বিকাল ৪টার সময় সেচ্ছাসেবী সংগঠন এফ.এস.ডি.ও এর উদ্যোগে জীবননগর উপজেলার উথলী গ্রামে এ ঈদ পোশাক বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন এফ.এস.ডি.ও এর সদস্য মাহমুদুল হাসান জিবা, র্স্বানালী তাবাচ্ছুম মালা, আজমির ইয়াসমিন, জলি আক্তার, জিহাদ

হোসেন, তন্ময় হাসান রাজ, আয়েসা খাতুন প্রমুখ।

জীবননগরে দুই কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

জীবননগরে দুই কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

গত মঙ্গলবার রাতে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নিদেশে জীবননগর থানার এ এস আই কামররুজ্জামান, এ এস আই হাবিব সঙ্গীয় ফোর্স নিয়ে নারায়নপুর গ্রামে অভিযান চালায়।

এ সময় নারায়নপুর গ্রামের মজনুর রহমানের ছেলে শাহ আলম কিরন (২৫) এবং একই গ্রামের মৃত নেয়ামত মন্ডলের ছেলে বশির উদ্দিন বছেরকে আটক করে।

এ সময় তাদেও কাছ থেকে ২ কেজি গাঁজা ও গাঁজা বিক্রি করার নগদ ২ হাজার ২’শ টাকা পাওয়া যায়।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

জীবননগরে মুক্তিযোদ্ধা সম্মননা ও দরিদ্রদের ঈদ সামগ্রী বিতরণ

জীবননগরে বীর মুক্তিযোদ্ধা সম্মননা স্বারক ও এতিম অস্বচ্ছল দরিদ্রদের ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার বিকাল ৪টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের

গোয়ালপাড়া স্বপ্ন ছোয়া সংগঠনের উদ্যোগে এ সম্মননা ও ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

স্বপ্ন ছোয়া সংগঠনের সভাপতি সাইফুল রহমানের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সম্মননা স্বারক ও ঈদ সামগ্রী বিতরণ করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, সীমান্ত ইউপি চেয়ারম্যান ময়েন উদ্দিন মঈন, উপজেলা সমাজ সেবা

অফিসার মাসুদুর রহমান, বীর মুক্তিযোদ্ধা উম্মত আলী, হায়দার আলী, সাংবাদিক সালাউদ্দিন কাজল, মিথুন মাহমুদ প্রমুখ।
অনুষ্ঠানটি সার্বিক পরিচলান করেন সীমান্ত ইউনিয়ন যুবলীগের সাধারন সম্পাদক সেকেন্দার আলী।